আজকের কাগজ

তারিখ 19 OCT 1991
পৃষ্ঠা 2 কলাম 8

13

# কৃষি বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক ছাত্রঐক্যের সমাবেশ

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** গণতান্ত্রিক ছাত্রঐক্যে নেতাদের দেশব্যাপী সফর কর্মসূচির দ্বিতীয় দিনে গতকাল সোমবার কৃষি বিশ্ববিদ্যালয়ে আটটি ছাত্র সংগঠনের এই জোট সন্ত্রাসবিরোধী সমাবেশ করেছে।

এ কে এম শামীম আলমের সভাপতিত্বে এ সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা বেলাল চৌধুরী, রাগীব আহসান মুন্না, আমিনুল ইসলাম, মোঃ শহিদুল্লাহ, সুনীল দাস প্রমুখ। সমাবেশে নেতারা বলেন, দু'টি বৃহৎ রাজনৈতিক দলের ছাত্র সংগঠন শিক্ষাঙ্গনসহ সারাদেশে সন্ত্রাস করে ছাত্র সমাজের গৌরবোজ্জ্বল ভূমিকাকে কলঙ্কিত করছে। নেতারা বুর্জোয়াদের এই অপতৎপরতা ও চক্রান্ত প্রতিহত করার জন্যে জনপ্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান।